# গৌতমসূত্র

বা

# ন্যায়দর্শন

ও

# বাৎস্যায়ন ভাষ্য

( বিস্তৃত অনুবাদ, বিবৃতি, টিপ্পনী প্রভৃতি সহিত )

## চতুর্থ খণ্ড


মহামহোপাধ্যায়

পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ

কর্তৃক অনুদিত, ব্যাখ্যাত ও সম্পাদিত

# সূত্র ও ভাষ্যোক্ত বিষয়ের সূচী


প্রথম ও দ্বিতীয় সূত্রে "প্রবৃত্তি" ও "দোষে"র পূর্ব্বনিষ্পন্ন পরীক্ষার প্রকাশ। ভাষ্যে— "দোষে"র পরীক্ষার পূর্ব্ব নিষ্পন্নতা সমর্থন....১

তৃতীয় সূত্রে—রাগ, দ্বেষ ও মোহের ভেদবশতঃ দোষের পক্ষত্রয়ের সমর্থন। ভাষ্যে—কাম ও মৎসর প্রভৃতি রাগ পক্ষ, ক্রোধ ও ঈর্ষ্যা প্রভৃতি দ্বেষপক্ষ এবং মিথ্যাজ্ঞান ও বিচিকিৎসা প্রভৃতি মোহপক্ষের বর্ণনপূর্ব্বক রাগ, দ্বেষ ও মোহের ভেদবশতঃ দোষের ত্রিত্ব সমর্থন ....৬-১০

চতুর্থ সূত্রে—রাগ, দ্বেষ ও মোহের এক পদার্থত্ব সমর্থনপূর্ব্বক পূর্ব্বসূত্রোক্ত সিদ্ধান্তে পূর্ব্বপক্ষ প্রকাশ ....১১

পঞ্চম সূত্রে—উক্তপূর্ব্বপক্ষের খণ্ডন ....১১-১২

ষষ্ঠ সূত্রে—রাগ, দ্বেষ ও মোহের মধ্যে মোহের নিকৃষ্টত্ব কথন। ভাষ্যে—সূত্রোক্ত যুক্তির সমর্থন....১২—১৬

সপ্তম সূত্রে মোহ দোষ নহে, এই পূর্ব্ব পক্ষের সমর্থন ....১৬-১৭

অষ্টম ও নবম সূত্রে উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন ....১৭-১৮

ভাষ্যে—দশম সূত্রের অবতারণায় "প্রেত্য ভাবে"র পরীক্ষার জন্য "প্রেত্যভাব" অসিদ্ধ, এই পূর্ব্ব-পক্ষের সমর্থন ....১৯

দশম সূত্রে—আত্মার নিত্যত্বপ্রযুক্ত প্রেত্যভাবের সিদ্ধি প্রকাশ করিয়া উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন। ভাষ্যে—আত্মার নিত্যত্ব সিদ্ধান্তেই প্রেত্য-ভাব সম্ভব, এই বিষয়ে যুক্তির ব্যাখ্যা করিয়া আত্মার অনিত্যত্ব পক্ষ বা "উচ্ছেদবাদ"ও "হেতুবাদে" দোষ কথন ....১৯—২২

১১শ সূত্রে—পার্থিবাদি পরমাণু হইতে দ্ব্যণুকাদিক্রমে শারীরাদির উৎপত্তি হয়, এই নিজ সিদ্ধান্তের (আরম্ভ বাদের) সমর্থন। ভাষ্যে—সূত্রার্থ ব্যাখ্যাপূর্ব্বক সূত্রোক্ত যুক্তির দ্বারা উক্ত সিদ্ধান্তের সমর্থন ....২২-২৬

১২শ সূত্রে—পূর্ব্বসূত্রোক্ত সিদ্ধান্তে পূর্ব্ব পক্ষ ....২৬-২৭

১৩শ সূত্রে—উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন.... ২৭—২৮

১৪শ সূত্রে—পূর্ব্বপক্ষরূপে অভাব হইতে ভাবের উৎপত্তি হয়, অর্থাৎ অভাবই জগতের উপাদানকারণ এই মতের সমর্থন ....২৯—৩৩

১৫শ সূত্র হইতে ১৮শ সূত্র পর্য্যন্ত ৪ সূত্রে বিচারপূর্ব্বক উক্ত মতের খণ্ডন ...৩৩—৪২

১৯শ সূত্রে—পূর্ব্বপক্ষরূপে জীবের কর্ম্ম নিরপেক্ষ ঈশ্বর জগতের কারণ, এই মতের সমর্থন ....৪২-৫০

২০শ ও ২১শ সূত্রে—পূর্ব্বোক্ত মতের খণ্ডনের দ্বারা জীবের কর্ম্মসাপেক্ষ ঈশ্বর জগতের নিমিত্তকারণ, এই সিদ্ধান্তের সমর্থন ....৫০-৭৪

ভাষ্যে—সূত্রার্থ-ব্যাখ্যার পরে ঈশ্বরের স্বরূপ-ব্যাখ্যা। ঈশ্বরের সঙ্কল্প এবং তজ্জন্য ধর্ম্ম ও উহার ফল। ঈশ্বরের সৃষ্টি কার্য্যে প্রয়োজন। সর্ব্বজ্ঞ ঈশ্বরের অস্তিত্ব বিষয়ে অনুমান ও শাস্ত্রপ্রমাণ। নির্গুণ ঈশ্বরে প্রমাণাভাব ....৭৪-১৭৬

২২শ সূত্রে—শরীরাদি ভাবকার্য্যের কোন নিমিত্ত-কারণ নাই, এই

মতের পূর্ব্বপক্ষরূপে সমর্থন ....১৭৭-১৭৯
২৩শ সূত্রে—উক্ত পূর্ব্বপক্ষে অপরবাদীর ভ্রান্তিমূলক উত্তরের প্রকাশ ....১৭৯-৮০
২৪শ সূত্রে—পূর্ব্বসূত্রোক্ত ভ্রান্তিমূলক উত্তরের খণ্ডন। ভাষ্যে—মহর্ষির তৃতীয়াধ্যায়োক্ত প্রকৃত উত্তরের প্রকাশ ....১৮০-১৯১
২৫শ সূত্রে—সমস্ত পদার্থই অনিত্য, এই মতের পূর্ব্বপক্ষরূপে সমর্থন ....১৯১-১৯৩
২৬শ ২৭শ ও ২৮শ সূত্রে—বিচারপূর্ব্বক উক্ত মতের খণ্ডন ....১৯৩-২০৭
২৯শ সূত্রে—সমস্ত পদার্থই নিত্য, এই মতের পূর্ব্বপক্ষরূপে সমর্থন ....২০৭-২১০
৩০শ হইতে ৩৩শ সূত্র পর্য্যন্ত ৪ সূত্রে ও ভাষ্যে—বিচারপূর্ব্বক উক্ত সর্ব্বনিত্যত্ব বাদের খণ্ডন ....২১০-২২১
৩৪শ সূত্রে—সমস্ত পদার্থই নানা, কোন পদার্থই এক নহে, এই মতের পূর্ব্বপক্ষ রূপে সমর্থন....২২২-২২৩
৩৫শ ও ৩৬শ সূত্রে ও ভাষ্যে—বিচারপূর্ব্বক উক্ত সর্ব্বনানাত্ববাদের খণ্ডন ....২২৪-২৩১
৩৭শ সূত্রে—সকল পদার্থই অভাব স্বরূপ অলীক, এই মতের পূর্ব্বপক্ষ রূপে সমর্থন। ভাষ্যে—বিচার পূর্ব্বক উক্ত মতের অনুপপত্তি সমর্থন ....২৩২-২৪১
৩৮শ সূত্রে—পূর্ব্বসূত্রোক্ত মতের খণ্ডন। ভাষ্যে—উক্ত সূত্রের দ্বিবিধ ব্যাখ্যা ও যুক্তির দ্বারা প্রকৃতসিদ্ধান্তের উপপাদন ....২৪১-২৫০
৩৯শ সূত্রে—সর্ব্বশূন্যতাবাদীর অন্য যুক্তি প্রকাশপূর্ব্বক পূর্ব্বপক্ষ সমর্থন ....২৫০-২৫২
৪০শ সূত্রে—উক্ত যুক্তির খণ্ডন দ্বারা উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন। ভাষ্যে—সূত্রতাৎপর্য্য প্রকাশপূর্ব্বক পূর্ব্বসূত্রোক্ত যুক্তির খণ্ডন ....২৫২-২৫৯
৪১শ সূত্রের অবতারণায় ভাষ্যে—কতিপয় 'সংখ্যৈকান্তবাদে'র উল্লেখ। ৪১শ সূত্রে "সংখ্যৈকান্তবাদে"র খণ্ডন ....২৫৯-২৬৮
৪২শ সূত্রে—"সংখ্যৈকান্তবাদ" সমর্থনে পূর্ব্বপক্ষ ....২৬৮-২৬৯
৪৩শ সূত্রে—উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন। ভাষ্যে—সূত্রার্থ ব্যাখ্যার পরে "সংখ্যৈকান্তবাদ" সমূহের সর্ব্বথা অনুপপত্তি সমর্থন ও উহার পরীক্ষার প্রয়োজন কথন ....২৭০-২৭৫
"প্রেত্যভাবে"র পরীক্ষার অনন্তর ক্রমানুসারে দশম প্রমেয় ফলে"র পরীক্ষার জন্য—
৪৪শ সূত্রে—অগ্নিহোত্রাদি যজ্ঞের ফল কি সদ্যঃই হয়, অথবা কালান্তরে হয়? এই সংশয় সমর্থন। ভাষ্যে—অগ্নিহোত্রাদি যজ্ঞের ফল কালান্তরেই হয়, এই সিদ্ধান্তের সমর্থন ....২৭৫-২৮০
৪৫শ সূত্রে—যজ্ঞাদি শুভাশুভ কর্ম্ম বহু পূর্ব্বেই বিনষ্ট হয়, এ জন্য কারণের অভাবে কালান্তরেও উহার ফল স্বর্গাদি হইতে পারে না—এই পূর্ব্বপক্ষ প্রকাশ ....২৮০-২৮১



৪৬শ সূত্রে—যজ্ঞাদি কর্ম্ম বিনষ্ট হইলেও তজ্জন্য ধর্ম্ম ও অধর্ম্ম নামক সংস্কার কালান্তরেও অবস্থিত থাকিয়া ঐ ধর্ম্মের ফল স্বর্গাদি উৎপন্ন করে, এই সিদ্ধান্তানুসারে দৃষ্টান্ত দ্বারা উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন....২৮১-২৮৪
৪৭শ সূত্রে....উৎপত্তির পূর্ব্বে কার্য্য অসৎ নহে, সৎ নহে, সৎ ও অসৎ এই উভয় রূপও নহে এই পূর্ব্বপক্ষের প্রকাশ ....২০৪-২৮৭
৪৮শ ও ৪৯শ সূত্রে—উৎপত্তির পূর্ব্বে কার্য্য অসৎ, এই নিজ সিদ্ধান্তের অর্থাৎ অসৎ-কার্য্যবাদের সমর্থন ....২৮৭-৩০৪
৫০শ সূত্রে—অগ্নিহোত্রাদি কর্ম্মের ফল কালান্তরে হইতে পারে, এই সিদ্ধান্ত সমর্থন করিতে পূর্ব্বোক্ত ৪৬শ সূত্রোক্ত দৃষ্টান্তের দৃষ্টান্তত্ব বা সাধকত্ব খণ্ডন দ্বারা পুনর্ব্বার পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষের সমর্থন ....৩০৪-৩০৫
৫১শ সূত্রে—পূর্ব্বোক্ত দৃষ্টান্তের সাধকত্ব-সমর্থন দ্বারা উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন ....৩০৫-৩০৬
৫২শ সূত্রে—পূর্ব্বসূত্রোক্ত সিদ্ধান্তে পুনর্ব্বার পূর্ব্বপক্ষ সমর্থন ....৩০৭-৩০৮
৫৩শ সূত্রে—উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন ....৩০৮-৩০৯
"ফলে"র পরীক্ষার অনন্তর ক্রমানুসারে একাদশ প্রমেয় "দুঃখের পরীক্ষারম্ভে ভাষ্যে—প্রথম অধ্যায়ে আত্মা প্রভৃতি দ্বাদশবিধ প্রমেয়মধ্যে সুখের উল্লেখ না করিয়া মহর্ষি গোতমের দুঃখের উল্লেখে সুখপদার্থের অস্বীকার নহে, কিন্তু উহা তাঁহার মুমুক্ষুর প্রতি শরীরাদি সকল পদার্থে দুঃখ ভাবনার উপদেশ, এই সিদ্ধান্তের সযুক্তিক প্রকাশ ....৩১০-৩১৩
৫৪শ সূত্রে—শরীরাদি পদার্থে দুঃখ ভাবনার উপদেশের হেতু কথন। ভাষ্যে—সূত্রোক্ত হেতুর বিশদব্যাখ্যা ও দুঃখ ভাবনার ফলকথন ....৩১৪-৩১৬
৫৫শ ও ৫৬শ সূত্রে—"প্রমেয়" মধ্যে সুখের উল্লেখ না করিয়া দুঃখের উল্লেখ, সুখপদার্থের প্রত্যাখ্যান নহে কেন? এই বিষয়ে হেতুকথন। ভাষ্যে যুক্তি ও শাস্ত্রদ্বারা পূর্ব্বোক্ত দুঃখ ভাবনার উপদেশ ও পূর্ব্বোক্ত সিদ্ধান্তের সমর্থন ....৩১৬-৩২১
৫৭শ সূত্রে—পূর্ব্বোক্ত সিদ্ধান্তে আপত্তি খণ্ডনদ্বারা পূর্ব্বোক্ত দুঃখ ভাবনার উপদেশের সমর্থন। ভাষ্যে—যুক্তির দ্বারা পুনর্ব্বার পূর্ব্বোক্ত সিদ্ধান্তের সমর্থন এবং পূর্ব্বপক্ষবাদীর চরম আপত্তির খণ্ডন ....৩২২-৩৩১
"দুঃখে"র পরীক্ষার পরে চরম প্রমেয় "অপবর্গে"র পরীক্ষার জন্য ৫৮শ সূত্রে—"ঋণানুবন্ধ", "ক্লেশানুবন্ধ" ও "প্রবৃত্ত্যনুবন্ধ" প্রযুক্ত অপবর্গ অসম্ভব, এই পূর্ব্বপক্ষের প্রকাশ। ভাষ্যে, উক্ত পূর্ব্বপক্ষের বিশদ ব্যাখ্যা ৩৩১-৩৩৭
৫৯শ সূত্রে—"ঋণানুবন্ধ', প্রযুক্ত অপবর্গ অসম্ভব, অর্থাৎ "জায়মানো হ বৈ ব্রাহ্মণস্ত্রিভিঋর্ণৈঋর্ণবা জায়তে"—ইত্যাদি শ্রুতিতে জায়মান ব্রাহ্মণের যে ঋষিঋণ, দেবঋণ ও পিতৃঋণ কথিত হইয়াছে, ঐ ঋণত্রয় মুক্ত হইতেই জীবন অতিবাহিত হওয়ায় মোক্ষার্থ অনুষ্ঠানের সময় না থাকায়

মোক্ষ হইতেই পারে না,—সুতরাং উহা অলীক—এই পূর্ব্বপক্ষের খণ্ডন ....৩৩৭

ভাষ্যে—সূত্রানুসারে নানা যুক্তির দ্বারা "জায়মানো হ বৈ" ইত্যাদি শ্রুতিতে "ঋণ" শব্দের ন্যায় "জায়মান" শব্দও গৌণ শব্দ, উহার গৌণ অর্থ গৃহস্থ, ইহা সমর্থন পূর্ব্বক গৃহস্থ ব্রাহ্মণেরই পূর্ব্বোক্ত ঋণত্রয় মোচন কর্ত্তব্য, ব্রহ্মচারী এবং সন্ন্যাসী অগ্নিহোত্রাদি যজ্ঞ কর্ম্মের কর্ত্তব্যতা না থাকায় মোক্ষার্থ অনুষ্ঠানের সময় আছে,—নিষ্কাম হইলে গৃহস্থেরও কাম্য অগ্নিহোত্রাদি কর্ত্তব্য না হওয়ায় তাঁহারও মোক্ষার্থ অনুষ্ঠানের সময় আছে,—সুতরাং মোক্ষ অসম্ভব বা অলীক নহে, এই সিদ্ধান্ত সমর্থন ... ৩৩৮-৩৪৬

ভাষ্যে—পরে উক্ত সিদ্ধান্ত সমর্থন করিতে "জরামর্য্যং বা" ইত্যাদি শ্রুতির তাৎপর্য্য ব্যাখ্যা এবং "জরয়া হ বা" ইত্যাদি শ্রুতিতে "জরা" শব্দের দ্বারা সন্ন্যাস গ্রহণের কাল আয়ুর চতুর্থ ভাগই লক্ষিত হইয়াছে, ইহা সমর্থনপূর্ব্বক "জায়মানো হ বৈ" ইত্যাদি শ্রুতির বিহিতানুবাদত্ব ও "জায়মান" শব্দের গৃহস্থবোধক গৌণশব্দত্ব সমর্থন ....৩৪৬ ৩৫৫

পরে বেদের ব্রাহ্মণভাগে সাক্ষাৎ বিধিবাক্যের দ্বারা গৃহস্থাশ্রম ভিন্ন আর কোন আশ্রমেরই বিধান না থাকায় আর কোন আশ্রম বেদবিহিত নহে এই পূর্ব্বপক্ষের সমর্থনপূর্ব্বক উহার খণ্ডন করিতে যুক্তি ও নানা শ্রুতি-প্রমাণের দ্বারা সন্ন্যাসাশ্রমের বেদ-বিহিতত্ব সমর্থন ....৩৫৫-৩৭০

৬০ম সূত্রে—"জরামর্য্যং বা" ইত্যাদি শ্রুতির দ্বারা ফলার্থীর পক্ষেই অগ্নিহোত্রাদি যজ্ঞের যাবজ্জীবন কর্ত্তব্যতা কথিত হইয়াছে। কারণ, বেদে নিষ্কাম ব্রাহ্মণের প্রাজাপত্যা ইষ্টি করিয়া, তাহাতে সর্ব্বস্ব দক্ষিণা দিয়া, আত্মাতে অগ্নির আরোপ করিয়া সন্ন্যাস গ্রহণের বিধি আছে—এই সিদ্ধান্তসূচনার দ্বারা পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন। ভাষ্যে—শ্রুতির দ্বারা পূর্ব্বোক্ত সিদ্ধান্তের সমর্থন ....৩৭০-৩৭৪

৬১ম সূত্রে—ফলকামনাশূন্য ব্রাহ্মণের মরণান্ত কর্ম্মসমূহের অনুপপত্তি হেতুর দ্বারা পুনর্ব্বার পূর্ব্বোক্ত সিদ্ধান্তের সমর্থন। ভাষ্যে—শ্রুতির দ্বারা এষণাত্রয়মুক্ত পূর্ব্বতন জ্ঞানিগণের কর্ম্মত্যাগ পূর্ব্বক সন্ন্যাস গ্রহণের সংবাদ প্রকাশপূর্ব্বক সূত্রোক্ত সিদ্ধান্তের সমর্থন। পরে ইতিহাস, পুরাণ ও ধর্ম্ম-শাস্ত্রেও চতুরাশ্রমের বিধান থাকায় একাশ্রমবাদের অনুপপত্তি সমর্থন করিতে শ্রুতি ও যুক্তির দ্বারা ইতিহাস, পুরাণ ও ধর্ম্মশাস্ত্রের প্রামাণ্য সমর্থন ... ৩৭৪-৩৯৬

৬২ম সূত্রে—ক্লেশানুবন্ধ প্রযুক্ত অপবর্গ অসম্ভব" এই পূর্ব্বপক্ষের খণ্ডন ....৩৯৬-৩৯৮

৬৩ম সূত্রে—"প্রবৃত্ত্যনুবন্ধ প্রযুক্ত অপবর্গ অসম্ভব"—এই পূর্ব্বপক্ষের খণ্ডন। ভাষ্যে—আপত্তিবিশেষের খণ্ডনপূর্ব্বক সিদ্ধান্ত সমর্থন ....৩৯৮-৪০১

৬৪ম সূত্রে—রাগাদি ক্লেশসন্ততির স্বাভাবিকত্ববশতঃ কোন কালেই উচ্ছেদ হইতে পারে না, সুতরাং অপবর্গ অসম্ভব, এই পূর্ব্বপক্ষের প্রকাশ ....৪০১-৪০২

৬৫ম সূত্রে—উক্ত পূর্ব্বপক্ষে অপরের সমাধানের উল্লেখ ... ৪০৩

৬৬ম সূত্রে—উক্ত পূর্ব্বপক্ষে অপরের দ্বিতীয় সমাধানের উল্লেখ। ভাষ্যে পূর্ব্বোক্ত দ্বিবিধ সমাধানের খণ্ডন ....৪০৩-৪০৮

৬৭ সূত্রে—পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষে মহর্ষি গোতমের নিজের সমাধান। ভাষ্যে—সূত্রার্থ ব্যাখ্যাপূর্ব্বক পূর্ব্বপক্ষবাদীর অন্যান্য আপত্তির খণ্ডন ....৪০৮-৪০৯